গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৫০.২৪.০০৮.১৭-৫২০ তারিখঃ ০৭ অক্টোবর ২০১৮খ্রিঃ

**বিষয়ঃ চায়না TVET স্কলারশীপ প্রোগ্রাম-২০১৮-এর আওতায় চীনে অধ্যয়নের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ফ্লাইট শিডিউল**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চায়না TVET স্কলারশীপ প্রোগ্রাম-২০১৮-এর আওতায় চীনে অধ্যয়নের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ফ্লাইট শিডিউল পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখ্য, তার প্রতিষ্ঠান হতে নির্বাচিত শিক্ষার্থীদের স্ব স্ব ফ্লাইট শিডিউলের পূর্বের দিন সকাল ১০:০০ ঘটিকার মধ্যে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা তে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। ফ্লাইট শিডিউল।
২। নির্দেশাবলী।

(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক (পরি: ও উন্ন:)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

০১. প্রকল্প পরিচালক, STEP, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সংশ্লিষ্ট বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট সমূহে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ )
০২-৫০. অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)
৫১-১১৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৩. পরিচালক (প্রশাসন/ভোকেশনাল /পিআইডব্লিউ/পিআইইউ/), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৪. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), তেজগাঁও, ঢাকা (স্ব স্ব ফ্লাইট শিডিউল মোতাবেক তার পূর্বের দিন ভেন্যুর ব্যবস্থা ও লজিস্টিক সাপোর্টের অনুরোধসহ)
৫. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা ( ফ্লাইট শিডিউল মোতাবেক চায়নাগামী শিক্ষার্থীদের টিটিটিসি হতে ঢাকা বিমানবন্দর পর্যন্ত যাতায়াতের ব্যবস্থার অনুরোধসহ)
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. অফিস নথি

# Flight Schedule for China Scholarship Program 2018 (Updated on 07 Oct 2018)

**Reporting of Students at TTTC: 01 day before the date of flight at 10:00 am morning**

| Sl | College Name | Date of Flight | Departure<br>Date of Flight From Dhaka, Bangladesh | Arrival<br>Date & Time at Nanjing & Other 3 Airport in China | No. of Students | Nearest Destination airport |
|---|---|---|---|---|---|---|
| 1 | Beijing Jiaotong University (Weihai Campus) | 13 Oct 2018 1st flight (69) | 13 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 13 Oct 2018 **13:30 PM Qingdao (Liuting Int'l Airport)** | 01 | Qingdao (Weihai) |
| 2 | Shandong Polytechnic | | 13 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 13 Oct 2018 **23:15 PM Yaoqiang Int'l Airport** | 17 | Ji'nan |
| 3 | Jiangsu Food and Pharmaceutical College | | 13 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 13 Oct 2018 **13:05 PM Lukou Int'l Airport** | 20 | Nanjing |
| 4 | Jiangsu Vocational College of Agriculture and Forestry | | 13 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 13 Oct 2018 **13:05 PM Lukou Int'l Airport** | 31 | Nanjing |
| 5 | Changzhou College of Information Technology | 14 Oct 2018 2nd flight (51) | 14 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 14 Oct 2018 **13:05 PM Lukou Int'l Airport** | 36 | Nanjing |
| 6 | Changzhou Vocational Institute of Light Industry | | 14 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 14 Oct 2018 **13:05 PM Lukou Int'l Airport** | 15 | Nanjing |
| 7 | Nanjing Polytechnic Institute | 16 Oct 2018 3rd flight (73) | 16 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 16 Oct 2018 **13:05 PM Lukou Int'l Airport** | 62 | Nanjing |
| 8 | Shaanxi Polytechnic Institute | | 16 Oct 2018 Cathay Pacific **02:10 AM** | 16 Oct 2018 **14:35 AM Xi'an (Xianyang)** | 11 | Xi'an |

| Sl | College Name | Date of Flight | Departure<br><br>Date of Flight From Dhaka, Bangladesh | Arrival<br><br>Date & Time at Nanjing & Other 3 Airport in China | No. of Students | Nearest Destination airport |
|---|---|---|---|---|---|---|
| 9 | Changzhou Vocational Institute of Mechatronic Technology | **18 Oct 2018**<br>**4th flight**<br>**(101)** | 18 Oct 2018<br>Cathay Pacific<br>**02:10 AM** | 18 Oct 2018<br>**13:05 PM**<br>**Lukou Int'l Airport** | 36 | Nanjing |
| 10 | Jinan Vocational College | | 18 Oct 2018<br>Cathay Pacific<br>**02:10 AM** | 18 Oct 2018<br>**23:15 PM**<br>**Yaoqiang Int'l Airport** | 14 | Ji'nan |
| 11 | Suzhou Art & Design technology Institute | | 18 Oct 2018<br>Cathay Pacific<br>**02:10 AM** | 18 Oct 2018<br>**12:10 PM**<br>**Pudong Int'l Airport** | 06 | Shanghai (Pudong Int'l airport) |
| 12 | Jiangsu Agri-animal Husbandry Vocational College | | 18 Oct 2018<br>Cathay Pacific<br>**02:10 AM** | 18 Oct 2018<br>**13:05 PM**<br>**Lukou Int'l Airport** | 45 | Nanjing |
| 13 | Hebei College of Industry and Technology | **19 Oct 2018**<br>**5th flight**<br>**(09)** | 19 Oct 2018<br>China Southern Airlines<br>**00:50 AM** | 19 Oct 2018<br>**19:55 PM**<br>**ZHENGDING Int'l Airport** | 09 | Shijiazhuang |
| 14 | Heilongjiang Agricultural Economy Vocational College | **22 Oct 2018**<br>**6th flight**<br>**(21)** | 22 Oct 2018<br>China Southern Airlines<br>**00:50 AM** | 22 Oct 2018<br>Mudanjiang<br>**14:30 PM** | 21 | Mudanjiang |
| 15 | Guizhou Vocational and Technical College of Water Resources and Hydropower | Admission letter not received yet | ---- | --- | 15 | Guiyang |

# চায়না TVET স্কলারশীপ প্রোগ্রাম -২০১৮

## -ঃ চীন সফরের নির্দেশাবলী ঃ-

**এয়াপোর্ট ও বিমান সংশ্লিষ্ট করণীয়ঃ**

- মূল পাসপোর্ট ও প্রয়োজনীয় মুদ্রা (RMB) সবসময় নিজের কাছে যত্ন করে রাখতে হবে।
- পাসপোর্ট ও টিকিটের ফটোকপি (কমপক্ষে ০৪ টি কপি) আলাদাভাবে রাখতে হবে।
- ফ্লাইটের সময় যদি ১৩ অক্টোবর-২০১৮ রাত ০২:১০ হয় (13 October 2018, 02:10 AM) তবে আগের দিন অর্থাৎ ১২ অক্টোবর-২০১৮ তারিখ সকাল ১০:০০ টায় টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকাতে উপস্থিত হয়ে ব্রিফিং সেশনে অংশগ্রহণ করতে হবে এবং ভিসা, টিকেটসহ প্রয়োজনীয় কাগজ সংগ্রহ করতে হবে। রাত ৮:০০ ঘটিকায় টিটিটিসি হতে বিমানবন্দরের উদ্দেশ্যে নির্ধারিত ড্রেসকোড অনুযায়ী যাত্রা শুরু হবে।
- বিমানের অনুমোদিত লাগেজ/ব্যাগেজ ও ওজনসীমাঃ
    - Cathay Pacific Airlines
        - ১টি Check-in- luggage (সর্বোচ্চ 30 kg) ও ১টি হ্যান্ড ব্যাগেজ (সর্বোচ্চ 7 kg)
    - China Southern Airlines
        - ১টি Check-in- luggage (সর্বোচ্চ 23 kg) ও ১টি হ্যান্ড ব্যাগেজ (সর্বোচ্চ 7 kg)
- লাগেজ ব্যাগ হিসাবে ট্রলি ব্যাগ (চাকাযুক্ত) ব্যবহার করা উত্তম।
- চীনের ব্যাগেজ রুল অনুযায়ী জিনিস পত্র নিতে হবে।
- ব্যাগ অবশ্যই তালা দিতে হবে। এয়ারপোর্ট হতে সহজে যাতে লাগেজ সনাক্তসহ সংগ্রহ করা যায়, তাই ব্যাগের উপর রঙ্গিন রিবন ব্যবহার করা যেতে পারে।
- ব্যাগের সাথে নিজের নামসহ চায়না প্রতিষ্ঠানের ই-মেইল ও ঠিকানা লিখে রাখতে হবে।
- হ্যান্ড লাগেজে কিছু প্রয়োজনীয় কাপড় চোপড় রাখতে হবে। কখনও Check-in লাগেজ হারিয়ে গেলে বা কোন কারণে পাওয়া না গেলে যাতে সাময়িক ভাবে চলা যায়।
- হ্যান্ড ব্যাগেজে কোন তরল জাতীয় জিনিস যেমন- লোশন, ক্রীম, পেষ্ট, পারফিউম, হেয়ার অয়েল বা পানি নেয়া যাবে না। এগুলো Check-in- লাগেজে দেয়া যাবে।
- কোন ধাতব দ্রব্য ব্যাটারী, ছুরি, কেচি, সেপটিপিন, লাইটার এ জাতীয় দ্রব্যাদি হ্যান্ড ব্যাগেজে নেয়া যাবে না। এগুলো Check-in লাগেজে নেয়া যাবে।
- Power bank Check-in লাগেজে নেয়া যাবে না।
- ইমিগ্রেশন এর সময় পাসপোর্টে ঠিকমত সিল দেয়া হয়েছে কিনা পরীক্ষা করে নিবে।

**চায়না শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট করণীয়ঃ**

- পাসপোর্ট সাইজের ফটো (কমপক্ষে ১৫ টি) সাথে রাখতে হবে।
- JW202 form, Admission Letter, Non-criminal certificate (police clearance), HSC/HSC(voc) এর মূলসনদ ও মূল মার্কশীট, মূল আবেদনপত্র, মূল মেডিক্যাল রিপোর্ট (টেষ্ট রিপোর্টসহ) সংগে নিতে হবে। নির্ধারিত ৩টি কলেজের শিক্ষার্থীদের Bank statement সংগে নিতে হবে।
- চায়না শিক্ষা প্রতিষ্ঠান ও ডরমেটরির নিয়মকানুন সঠিকভাবে মেনে চলতে হবে।

- চায়না শিক্ষা প্রতিষ্ঠানের গাইড শিক্ষক (লাউসি) এর অনুমতি ছাড়া কলেজ ক্যাম্পাস ত্যাগ করা যাবে না।
- পানি ও বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ সীমা ( limit) পার করা যাবে না। অন্যথায় অত্যধিকহারে বিল পরিশোধ করতে হবে।
- নির্ধারিত কিচেনরুম ব্যাতিত অন্য কোথাও রান্না করা যাবে না।
- ক্লাশ রুমে টী সার্ট, গেঞ্জি পড়বে না। ফরমাল ড্রেসে ক্লাশ রুমে উপস্থিত থাকবে।
- সময়ের ব্যাপারে কোনরূপ আপোষ করা হয় না তাই যথাসময় প্রতিটি ক্লাশে উপস্থিত থাকতে হবে।
- জোরে এবং আংগুল উচিয়ে কথা বলা যাবে না।
- রাজনৈতিক এবং ধর্মীয় আলোচনা না করা উত্তম।
- সে দেশের খাদ্য, কালচার বা কোন বিষয় নিয়ে সমালোচনা করা যাবে না।

**সাধারন নির্দেশাবলীঃ**

- চায়না সরকারের সকল আইন-কানুন যথাযথভাবে মেনে চলতে হবে।
- চায়না প্রতিষ্ঠান অনুযায়ী ১ জন গ্রুপ লিডার নির্বাচন করতে হবে। নির্বাচনের ক্ষেত্রে ইংরেজীতে কথা বলায় পারদর্শীকে অগ্রাধিকার দিতে হবে। (৩০ জনের বেশী হলে ১ জন গ্রুপ লিডার ও ১ জন সহকারি লিডার নির্বাচন করা যাবে)
- যাত্রাপথে অথবা চায়নাতে কোন স্থান ত্যাগ করার পূর্বে গ্রুপ লিডার সকলের উপস্থিতি গননা করে নিশ্চিত করবে।
- প্রয়োজনে অবশ্যই গ্রুপ লিডার কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি/ চায়না প্রতিষ্ঠান প্রতিনিধির সংগে যোগাযোগ করবে।
- চীনের আবহাওয়া উপযোগী কাপড় নিতে হবে। একটি কোর্ট ও টাই সাথে নেয়া উত্তম।